

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯০৮
বিশ্রামগঞ্জ, ১৪ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান
সিপাহীজলা জেলায় তিরঙ্গা মেলা

হর ঘর তিরঙ্গা অভিযানে গত ১৩ আগস্ট বিকেলে সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে তিরঙ্গা কনসার্ট ও তিরঙ্গা মেলা অনুষ্ঠিত হয়। তিরঙ্গা কনসার্টে জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে দেশাত্মবোধক সংগীত ও নৃত্য পরিবেশন করা হয়। তাছাড়া তিরঙ্গা মেলায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক প্রকল্প নিয়ে ১০টি প্রদর্শনী স্টল খোলা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা দায়রা জজ পি কুমার, সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থশিব জয়সবাল, পুলিশ সুপার বি জে রেড্ডি, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার ও বিভিন্ন আধিকারিকগণ। এদিন সকালে হর ঘর তিরঙ্গা অভিযানে মিনি ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিশালগড় মোটরস্ট্যান্ড থেকে বিশালগড় মহকুমা শাসক কার্যালয় পর্যন্ত ৫ কিলোমিটার দীর্ঘ মিনি ম্যারাথন প্রতিযোগিতায় বিএসএফ, টিএসআর ও আরক্ষা দপ্তরের কর্মীরা অংশ নেন। মিনি ম্যারাথন প্রতিযোগিতার উদ্বোধন করেন জেলাশাসক ডা. সিদ্ধার্থশিব জয়সবাল। তাছাড়াও এদিন বিকেলে অনুষ্ঠিত হয় তিরঙ্গা যাত্রা। তিরঙ্গা যাত্রা বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়াম থেকে শুরু করে জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়। তিরঙ্গা যাত্রায় জেলাশাসক, পুলিশ সুপার, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নেয়।
